21 JUL 2017



বগুড়া : ছাত্রী ধর্ষণ ও নির্যাতনকারীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে সচেতন নাগরিক সমাজ মানববন্ধন করে —সংবাদ

ছাত্রী ধর্ষণ-নির্যাতন

# দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে সোচ্চার সারাদেশ

## ধর্ষক তুফানকে শ্রমিক লীগ থেকে বহিষ্কার

## তিনজন রিমান্ডে

## তদন্ত কমিটি গঠন



প্রতিনিধি, বগুড়া

বগুড়ায় শহরের বাদুরতলা এলাকায় ধর্ষণের শিকার এক ছাত্রী ও তার মাকে পৌরসভার মহিলা কাউন্সিলরসহ ধর্ষকের পরিবারের সদস্যরা অমানুষিক নির্যাতন করে মাথা ন্যাড়া করে দেয়ার ঘটনায় বগুড়াসহ সারাদেশে প্রতিবাদের ঝড় উঠেছে। অপরাধীদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবী করা হয়েছে। এ ধর্ষণ ও নির্যাতন মামলায় গ্রেফতার এক জন আদালতে স্বীকারোক্তিমূলক জবানবন্দি দিয়েছে। ধর্ষক তুফান সরকারসহ তার দু'সহযোগীকে জিজ্ঞাসাবাদের জন্য পুলিশ ৭ দিনের রিমান্ডের আবেদন জানালে বিচারক ৩ দিনের রিমান্ড মঞ্জুর করেন। অতিরিক্ত চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আবদুল্লাহ আল মামুন এই রিমান্ড মঞ্জুর করেন। ধর্ষণের মতো জঘন্য ঘটনার সঙ্গে জড়িত থাকার অভিযোগে তুফান সরকারকে বগুড়া শহর শ্রমিক লীগের আহ্বায়ক পদ থেকে বহিষ্কার করা হয়েছে। ঘটনার প্রতিবাদে গতকাল উদীচীসহ বগুড়ার বিভিন্ন সামাজিক সাংস্কৃতিক সংগঠন শহরের সাতমাথায় মানববন্ধন করেছে। মানববন্ধনে বক্তারা এ ঘটনায় জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন।

অপর দিকে জেলা প্রশাসন ওই ঘটনায় জনপ্রতিনিধির সম্পৃক্ততাসহ নির্যাতিত মা ও মেয়েকে প্রয়োজনীয় আইনগত সহযোগিতার জন্য ৩ সদস্যর একটি তদন্ত কমিটি গঠন করেছে। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আবদুস সালামকে প্রধান করে এই তদন্ত কমিটি গঠন করা হয়। জেলা প্রশাসসক নুরে আলম সিদ্দিকী রোববার নির্যাতিত তরুণীর খোঁজখবর নিতে মেডিকেল কলেজ হাসপাতালে যান। এ সময় তিনি তার সঙ্গে কথা বলেন। তিনি জানান, তরুণীর লেখাপড়া, চিকিৎসা ও আইনগত সহযোগিতার বিষয়ে জেলা প্রশাসন কাজ করবে। পুলিশ সূত্র জানায়, গ্রেফতারকৃত ধর্ষক তুফান সরকারের সহযোগী আতিক অতিরিক্ত চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে ছাত্রী : পৃষ্ঠা : ১৫ ক : ৪

### ছাত্রী : ধর্ষণ

(১ম পৃষ্ঠার পর)

স্বীকারোক্তি দিয়েছে। মামলায় অভিযুক্ত অন্যদের গ্রেফতারের চেষ্টা চলছে বলে তদন্তকারী কর্মকর্তা জানিয়েছেন।

উল্লেখ্য, এবছর এসএসসি পাস করা ওই তরুণীকে ভালো কলেজে ভর্তি করে দেয়ার নাম করে শহর শ্রমিক লীগের আহ্বায়ক তুফান সরকার ১৭ জুলাই শহরের চকসূত্রাপুর কসাইপাড়া এলাকায় তার বাড়িতে নিয়ে ধর্ষণ করে। এ ঘটনার পর ধর্ষকের স্ত্রী ও তার পরিবারের লোকজন অপবাদ দিয়ে শুক্রবার দুপুরে ধর্ষিতা তরুণী ও তার মা'কে বাদুরতলা এলাকায় মহিলা কাউন্সিলর তুফান সরকারের স্ত্রীর বড় বোন মার্জিয়া হাসান বাড়িতে নিয়ে যায়। সেখানে ধর্ষিতা তরুণী ও মাকে নির্যাতন করে মা-মেয়ের মাথার চুল কেটে ন্যাড়া করে দেয়া হয়। পরে ধর্ষিতা তরুণীকে বগুড়া মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়।

এদিকে রোববার বিকেলে অতিরিক্ত চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে ধর্ষক তুফান সরকার, তার সহযোগী আলী আজম দিপু ও রুপমকে হাজির করে ৭ দিনের রিমান্ডের আবেদন জানালে ম্যাজিস্ট্রেট প্রত্যেকের ৩ দিনের রিমান্ড মঞ্জুর করেন।

এদিকে বগুড়া জেলা শ্রমিক লীগের সাধারণ সম্পাদক শামসুদ্দিন শেখ হেলাল জানান, বগুড়া শহর শ্রমিক লীগের আহবায়ক তুফান সরকারকে বহিষ্কার করা হয়েছে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর